

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

প্রকাশ : ২১ জানুয়ারি, ২০১৮ ১৭:০৩ অনলাইন ভার্সন

## এটুআই প্রতিযোগিতা জিতলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আসফারা



5

প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে পরিচালিত অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রতিযোগিতা জিতেছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ইভানা মুর্তজা আসফারা। স্বল্প দামে জীবানুমুক্ত স্যানিটারি ন্যাপকিন তৈরির বিষয়ে ধারণা দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্কুলের এই শিক্ষার্থী। আসফারার এমন ধারণার দারুণ প্রশংসা করেছে নারী ও শিশু মন্ত্রণালয়।

ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে এটুআই প্রতিযোগিতায় অংশ নেয় দেশের প্রায় ১৭০০ শিক্ষার্থী। এক বছর ধরে চলা এই প্রতিযোগিতায় দর্শকের ভোটে সবাইকে ছাড়িয়ে সেরা হয়েছেন

পাঁচজন উদ্যোক্তা। সবাই পাঁচলক্ষ টাকা করে পুরস্কার পেয়েছেন। গত ১৬ জানুয়ারি ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তফা জব্বার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

গত বছর ‘রিফিউজি: মানবতার পুনর্জাগরণ’ শীর্ষক গবেষণা করে চীনের সাংহাইয়ে হাল্ট পুরস্কার জিতেছিল ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের চার শিক্ষার্থীর গড়া সামাজিক প্রতিষ্ঠান ‘রিসার্জেস বাংলাদেশ’ দল। সেই দলেও ছিলেন ইভানা মুর্তজা আসফারা। রিফিউজি নারীদের ঋতুচক্রকালীন স্বাস্থ্য অধিকার বিষয়ক ধারণাটি বিশ্বব্যাপী সমাদৃত হয়। স্বল্পমূল্যে স্যানিটারি ন্যাপকিন তৈরির বিষয়টি সেখানে অন্তর্ভুক্ত ছিল। সামাজিক প্রতিষ্ঠান ‘রিসার্জেস বাংলাদেশ’কে দারুণভাবে সহায়তা করে যাচ্ছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়। আজ উপাচার্য সৈয়দ সাদ আন্দালিবের সঙ্গে দেখা করেছে রিসার্জেস বাংলাদেশ দলের চার সদস্য। সাক্ষাতকালে খুদে উদ্যোক্তাদের ভূয়সী প্রশংসা করেছেন তিনি।

বিডি প্রতিদিন/২১ জানুয়ারি, ২০১৮/ওয়াসিফ